দৈনিক ইত্তেফাক

তারিখ ... 15 JAN 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

## প্রেসনোট

সিটি কলেজের ঘটনা সম্পর্কে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রেস নোটে বলা হয়, ১৩ই জানুয়ারী, ১৯৯১ইং তারিখে ঢাকা সিটি কলেজের নিকটস্থ একটি এলাকায় একটি দুঃখজনক ঘটনাকে কেন্দ্র করিয়া

(১১শ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

12

## প্রেসনোট

(১ম পৃঃ পর)

রবিবার ও গতকাল ঐ এলাকায় কতিপয় অপ্রীতিকর ঘটনা ঘটে। সামগ্রিক পরিস্থিতি সম্পর্কে আলোচনার জন্য, সর্বদলীয় ছাত্রঐক্য পরিষদের একটি প্রতিনিধিদল গতকাল স্বরাষ্ট্র সচিবের সঙ্গে সাক্ষাৎ করেন। উপরোক্ত প্রতিনিধিদলে নিম্নে বর্ণিত ছাত্র নেতৃবৃন্দ অন্তর্ভুক্ত ছিলেন: (১) খায়রুল কবীর খোকন, (২) অসীম কুমার উকিল, (৩) শফী আহামদ, (৪) জাহাঙ্গীর সাত্তার টিংকু, (৫) নাসিরুদ্দোজা, (৬) এস এম কামাল হোসেন, (৭) ফজলুল হক মিলন, (৮) আবদুস সাত্তার খান, (৯) সুশান্ত মিশ্র, (১০) জায়েদ ইকবাল খান, (১১) মোশরেফা মিশু, (১২) বজলুর রশীদ ফিরোজ ও (১৩) মহসীন সরকার।

আলোচনার আলোকে সামগ্রিক ঘটনাবলীর কারণ অনুসন্ধান এবং ইহার দায়-দায়িত্ব নির্ধারণসহ প্রয়োজনীয় সুপারিশ করার নিমিত্তে জেলা ও দায়রা জজ, কুমিল্লা, জনাব মোহাম্মদ হামিদুল হককে লইয়া ১ (এক) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিশন সরকার কর্তৃক গঠন করা হইয়াছে। এতদ্ব্যতীত, ধানমণ্ডি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে। সরকার স্পষ্টভাবে উল্লেখ করিতে চায় যে, গণতান্ত্রিক প্রক্রিয়াকে সুসংহত করার লক্ষ্যে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখা অপরিহার্য। সরকার আশা করে যে, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন যাহাতে শান্তিপূর্ণভাবে অনুষ্ঠান করা যায়, সে লক্ষ্যে আইন-শৃংখলা বজায় রাখার নিমিত্তে সংশ্লিষ্ট সকল মহল সরকারের সাথে সর্বতোভাবে সহযোগিতা প্রদান করিবে। এই দুঃখজনক ঘটনার পুনরাবৃত্তি রোধে সর্বতোভাবে সহযোগিতা করা হইবে বলিয়া সরকার পুনর্বার আশা প্রকাশ করিতেছে। অপর এক তথ্য বিবরণীতে বলা হয়: সরকার ১৩ই জানুয়ারী, ১৯৯১ ইং তারিখে ঢাকা সিটি কলেজ এবং আইডিয়েল কলেজের ছাত্রদের সঙ্গে পুলিশের সংঘর্ষে অবাঞ্ছিত ঘটনাবলী তদন্ত করিতে কুমিল্লার জেলা ও দায়রা জজ জনাব মোঃ হামিদুল হককে লইয়া এক সদস্য বিশিষ্ট কমিশন গঠন করিয়াছে।

তদন্ত কমিশনের কার্য পরিধির মধ্যে রহিয়াছে উল্লেখিত কলেজ দুইটির ছাত্রদের সঙ্গে পুলিশের সংঘর্ষের প্রেক্ষাপটসহ প্রকৃত ঘটনাবলী ও ইহার কারণসমূহ উদঘাটন এবং ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের চিহ্নিত করিয়া তাহাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা। কমিশন অনুরূপ ঘটনাবলীর পুনরাবৃত্তি রোধকল্পেও প্রয়োজনীয় সুপারিশ এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ের উপরও আলোকপাত করিবে।

কমিশনকে ১০ দিনের মধ্যে সুপারিশসহ এর প্রতিবেদন পেশ করিতে বলা হইয়াছে।